# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২৭. চীনদেশে হলেও জ্ঞান সন্ধান কর

আমাদের দেশের বহুল পরিচিত একটি কথা:

اُطْلُبُوْا الْعِلْمَ وَلَوْ بِالصِّيْنِ

“চীনদেশে হলেও জ্ঞান সন্ধান কর।”

অধিকাংশ মুহাদ্দিস একে জাল হাদীস বলে উল্লেখ করেছেন। কেউ কেউ একে অত্যন্ত দুর্বল হাদীস বলে উল্লেখ করেছেন। সনদ বিচারে দেখা যায় দু’জন অত্যন্ত দুর্বল রাবী, যারা মিথ্যা হাদীস বর্ণনা করতেন শুধুমাত্র তারাই হাদীসটিকে রাসূলুল্লাহ (ﷺ)-এর কথা হিসাবে প্রচার করেছেন।[1]

ফুটনোট

[1] ইবনু আদী, আল-কামিল ১/২৯২, ইবনুল জাওযী, আল-মাউযূআত ১/১৫৪, সাখাবী, আল-মাকাসিদ, পৃ: ৮৩, নং ১২৫, সুয়ূতী, আল-লাআলী ১/১৯৩, যারকানী, মুখতাসারুল মাকাসিদ, পৃ: ৬১, নং ১০৯, আলবানী, সিলসিলাতুল যায়ীফা ১/৬০০, নং ৪১৬, ইবনু আর্রাক, তানযীহুশ শারীয়াহ ১/২৫৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4888

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন